বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ

ফোন ঃ ৯৫৬০৭৩৭
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩)
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/ ২৮(১২৫০)

তারিখ ঃ ২৪/০৭/২০১৭

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০১৭-১৮ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। ২০১৭-১৮ অর্থবছরে অত্র ব্যাংকে ব্যবসায়িক খাতের মধ্যে এসএমই খাতকে ঋণ বিতরণের অন্যতম খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। উক্ত খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা গত বছরের তুলনায় ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকা বৃদ্ধি করতঃ ১৪০০.০০(এক হাজার চারশত) কোটি টাকা নির্ধারনপূর্বক বিভাগীয় কার্যালয়সমূহে বন্টন করা হয়েছে। চলতি অর্থবছরে এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

ক) শাখা ব্যবস্থাপক শাখার আওতাধীন এলাকায় এসএমই ঋণ বিতরনের সম্ভাব্যতা যাচাইপূর্বক নিম্নোক্ত ছকে একটি তালিকা শাখায় সংরক্ষনপূর্বক একটি কপি সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করবেন। অঞ্চল প্রধানগন/ ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ শাখা পরিদর্শনকালে তালিকাভুক্ত গ্রাহকদের অনুকূলে ঋণ বিতরনের বিষয়ে গৃহীত কার্যব্যবস্থা পরীক্ষা করে দেখবেন এবং একটি প্রতিবেদন মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের অবগতির জন্য প্রেরন করবেন। বিভাগীয় কার্যালয় প্রেরিত প্রতিবেদন যাচাঁইপূর্বক সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন;

| অঞ্চলের নাম | ক্রঃনঃ | শাখার নাম | সম্ভাব্য গ্রাহক প্রতিষ্ঠান ও উদ্যোক্তার নাম | ঠিকানা ও টেলিফোন নম্বর | ব্যবসার ধরন | সম্ভাব্য বিনিয়োগ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

খ) **ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরন করে এসএমই এর আওতায় প্রতিটি কর্পোরেট শাখা মাসে কমপক্ষে ২০ (বিশ) টি, নগর শাখা মাসে কমপক্ষে ১৫ (পনের) টি এবং গ্রামীণ শাখাকে মাসে কমপক্ষে ১০ (দশ) টি নতুন ঋণ বিতরনের কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে;**

গ) এসএমই ঋণ প্রবাহ বৃদ্ধিকল্পে প্রতিটি আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়সমূহকে মাসে তার আওতাধীন শাখাসমূহের গ্রাহকদের অনুকূলে কমপক্ষে ৩০ (ত্রিশ) টি ঋণ প্রস্তাব মঞ্জুরির কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে;

ঘ) একই ভাবে বিভাগীয় কার্যালয়সমূহ প্রতিমাসে তাদের আওতাধীন শাখাসমূহের (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রাপ্ত) গ্রাহকদের অনুকূলে কমপক্ষে ২৫ (পঁচিশ) টি ঋণ প্রস্তাব মঞ্জুরির কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে;

ঙ) শাখা/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ে প্রক্রিয়াধীন এসএমই ঋণ নথিসমূহ দ্রুততম সময়ের মধ্যে ব্যাংকের বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিস্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে;

চ) বিদ্যমান নগদ পূজি/চলতি মূলধন ঋণ হিসাবসমূহ যথাসময়ে নবায়নের জন্য মেয়াদপূর্তির দুই মাস পূর্বে আবেদন গ্রহনপূর্বক নির্ধারিত মেয়াদের পূর্বেই মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;

ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় ন্যূনতম ৫(পাঁচ) জন সম্ভাবনাময় নারী উদ্যোক্তাকে খুঁজে বের করতে হবে এবং উক্ত ৫ (পাঁচ) জন নারী উদ্যোক্তাদের মধ্য থেকে চলতি বছর ন্যূনতম ৩(তিন) জনকে যথানিয়মে এসএমই এর আওতায় কুটির,মাইক্রো অথবা ক্ষুদ্র খাতে ঋণ প্রদান করতে হবে। যার মধ্যে প্রত্যেক শাখাকে ডিসেম্বর /২০১৭ তারিখের মধ্যে অবশ্যই ন্যূনতম ২(দুই) জন নতুন নারী উদ্যোক্তাকে ঋণ প্রদান করতে হবে;

জ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যে সকল শাখাসমূহের নির্দিষ্ট এলাকায় একাধিক উৎপাদক প্রতিষ্ঠান একইরূপ পণ্য বা সেবা উৎপাদন করে তাদেরকে চিহ্নিত করে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;

ঝ) সিএমএসএমই খাতে ঋণের স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে হলে এ খাতে বিতরনকৃত ঋণের পাশাপাশি আদায়ের উপরও সমান গুরুত্ব দিতে হবে। তাই নিয়মিত মনিটরিং করতঃ এ খাতে বিতরনকৃত ঋণ যাতে কোন অবস্থাতে বিরুপ মানে শ্রেণীকৃত না হয়ে পড়ে সে দিকে বিশেষ নজর দিতে হবে;

ঞ) চলতি অর্থবছরে এসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা শাখা কর্তৃক অর্জনের অগ্রগতি বিভাগীয়, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে;

ট) নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ এবং লোকসান বহনকারী শাখা সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়ন পূর্বক সাপ্তাহিক ভিত্তিতে ঋণ বিতরন, ঋণ আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরনের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;

ঠ) শাখাসমূহকে সাপ্তাহিক/মাসিক প্রতিবেদন প্রস্তুতকালে এসএমই ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং করার পরামর্শ দেয়া যাচ্ছে। এক্ষেত্রে প্রতিবেদনের সঠিকতা নিশ্চিত করার জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক পরিধারন করতে হবে।

০৩। এমতাবস্থায়, চলতি ২০১৭-১৮ অর্থবছরে অগ্রাধিকার ভিত্তিতে এসএমই খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের নিমিত্তে বছরের শুরু হতে প্রচলিত সকল কলাকৌশল অবলম্বন করে লক্ষ্যমাত্রা অর্জনের যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

24/07/2017

(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/

তারিখঃ ঐ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরনঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. নথি/ মহানথি।

25.07.17

(মির্জা আরিফুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

*D:\SME Department\Mosharraf/moniroring.doc*